87

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 09 AUG 1995 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... [illegible] ...

# রাজশাহী বোর্ডে চার দিন যাবত অচলাবস্থা

**স্টাফ রিপোর্টার, রাজশাহী।** রাজশাহী শিক্ষাবোর্ডে ৪দিন যাবত সম্পূর্ণ অচলাবস্থা বিরাজ করছে। বোর্ডের চেয়ারম্যান মোঃ সেরাজুল ইসলামকে বোর্ডে কাজ করতে না দেয়া, শূন্য পদসমূহ পূরণ করা, স্বয়ংসম্পূর্ণ কম্পিউটার স্থাপনসহ ৪ দফা দাবিতে বোর্ডের কর্মচারীরা ৪ দিন যাবত পূর্ণ কর্মবিরতি পালন করছে। চেয়ারম্যানসহ কতিপয় গুরুত্বপূর্ণ কর্মকর্তার কক্ষে অনির্দিষ্টকালের জন্য তালা ঝুলিয়ে দেয়া হয়েছে। কর্মচারী ইউনিয়নের এক সংবাদ বিজ্ঞপ্তিতে মঙ্গলবার জানানো হয়, পরীক্ষা সংক্রান্ত জরুরী কাজ এই কর্মসূচীর আওতার বাইরে রাখা হয়েছে।